# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় : হজ-উমরার আমলসমূহের সংক্ষিপ্ত ইতিহাস

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

বাইতুল্লাহ্‌র তাওয়াফ

বাইতুল্লাহ্‌র তাওয়াফ কা‘বাঘর নির্মাণের পর থেকেই শুরু হয়েছে। আল্লাহ তা‘আলা বলেন,

﴿ وَإِذۡ بَوَّأۡنَا لِإِبۡرَٰهِيمَ مَكَانَ ٱلۡبَيۡتِ أَن لَّا تُشۡرِكۡ بِي شَيۡـٔٗا وَطَهِّرۡ بَيۡتِيَ لِلطَّآئِفِينَ وَٱلۡقَآئِمِينَ وَٱلرُّكَّعِ ٱلسُّجُودِ ٢٦ ﴾ [الحج: ٢٦]

‘আর স্মরণ কর, যখন আমি ইবরাহীমকে সে ঘরের (বাইতুল্লাহ্‌র) স্থান নির্ধারণ করে দিয়েছিলাম এবং বলেছিলাম, ‘আমার সাথে কাউকে শরীক করবে না এবং আমার ঘরকে পাক সাফ রাখবে তাওয়াফকারী, রুকূ-সিজদা ও দাঁড়িয়ে সালাত আদায়কারির জন্য’।[1] আল্লাহ তা‘আলা আরো বলেন,

﴿ وَعَهِدۡنَآ إِلَىٰٓ إِبۡرَٰهِـۧمَ وَإِسۡمَٰعِيلَ أَن طَهِّرَا بَيۡتِيَ لِلطَّآئِفِينَ وَٱلۡعَٰكِفِينَ وَٱلرُّكَّعِ ٱلسُّجُودِ ١٢٥ ﴾ [البقرة: ١٢٥]

‘আর আমি ইবরাহীম ও ইসমাঈলকে দায়িত্ব দিয়েছিলাম যে, ‘তোমরা আমার গৃহকে তাওয়াফকারী, ই‘তিকাফকারী ও রুকূ-সিজদাকারিদের জন্য পবিত্র কর’।’[2] উভয় আয়াত থেকে বুঝা যায়, কা‘বা নির্মাণের পর থেকেই তাওয়াফ শুরু হয়েছে।

## ফুটনোট

[1]. হজ : ২৬।

[2]. বাকারা : ১২৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7454

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন